

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৭০

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৬. যে ব্যক্তি অহংকারবশে পরিধেয় বস্ত্র (পায়ের গোছার নিচে) ঝুলিয়ে দেয়

بَابِ مَنْ جَرَّ ثَوْبَهُ مِنْ الْخُيلاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً عَنْ الْأَعْمَشِ عَنْ عَطِيَّةَ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ وَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَنْ جَرَّ إِزَارَهُ مِنْ الْخُيلَاءِ لَمْ يَنْظُرْ اللهُ إِلَيْهِ يَوْمَ الْقِيَامَةِ قَالَ فَلَقِيتُ ابْنَ عُمَرَ بِالْبَلَاطِ فَذَكَرْتُ لَهُ حَدِيثَ أَبِي سَعِيدٍ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ وَأَشَارَ إِلَى أُذُنَيْهِ سَمِعَتْهُ أُذُنَايَ وَوَعَاهُ قَلْبِي.

বাংলা

২/৩৫৭০। আবৃ সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি অহংকারে মত্ত হয়ে তার পরিধেয় বস্ত্র গোছার নিচে পর্যন্ত ঝুলিয়ে পরবে, কিয়ামতের দিন আল্লাহ তার দিকে তাকাবেন না। রাবী আমাশ (রাঃ) বলেন, আমি 'বালাত' নামক স্থানে ইবনে উমার (রাঃ) -র সাথে সাক্ষাৎ করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আবৃ সাঈদ (রাঃ) বর্ণিত হাদীসটি তার নিকট পেশ করলাম। তিনি তার দু' কানের দিকে ইশারা করে বলেন, আমার এ দু' কান তা শুনেছে এবং আমার অন্তর তা আত্মস্থ করেছে।

English

It was narrated from 'Atiyyah, that Abu Sa'eed said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever lets his lower wrap drag out of pride, Allah will not look at him on the Day of Resurrection."

ফুটনোট

আবৃ দাউদ ৪০৯৩, আহমাদ ১০৬২৭, ১০৬৪৫, ১১০০৪, ১১০৯৫, ১১৫১৫, মুয়ান্তা মালেক ১৬৯৯। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আতিয়্যাহ সম্পর্কে আবু বকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য হবে না। আবু হাতিম বিন হিব্বান বলেন, তার হাদিস দ্বারা দলীল প্রেশ করা সঠিক



নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস গ্রহনে শিথিল। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইমাম যাহাবী ও ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৯৫৬, ২০/১৪৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন